গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
www.sid.gov.bd

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৭ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ | : | ০৩-০৯-২০২৩ খ্রি. রোজ রবিবার |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং ১১২২), ব্লক-এ, লেভেল-১০ পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা এবং zoom প্লাটফর্মের screen shot/participant list পরিশিষ্ট 'ক'-তে দেখানো হয়েছে।

২. সভাপতি সভায় উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর তিনি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব ও উপসচিব উন্নয়ন-২ অধিশাখাকে আহ্বান জানান।

৩. সদস্য সচিব সভায় জানান যে, প্রকল্পটি ৩১-০১-২০২১ তারিখে অনুমোদন লাভ করে, প্রশাসনিক আদেশ জারি হয় ১৪-০২-২০২১ তারিখে। প্রকল্পটি ৩০-১১-২০২২ তারিখে প্রথম সংশোধন হয়, প্রথম সংশোধন অনুযায়ী ১৫ কোটি ৫০ লক্ষ ১০ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি), প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় ২০২২ সালে ৪টি কোয়ার্টারে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করা হয়, তার ভিত্তিতে ২০২২ সালের প্রভিশনাল রিপোর্ট ২৯-০৩-২০২৩ তারিখে প্রকাশ করা হয়। মূল রিপোর্ট সেপ্টেম্বর ২০২৩ এ প্রকাশের লক্ষ্যে কার্যক্রম চলমান। এছাড়া ২০২৩ সালের জানুয়ারি-মার্চ ও এপ্রিল-জুন কোয়ার্টারের তথ্য সংগ্রহের মাধ্যমে ত্রৈমাসিক রিপোর্ট (Key Findings) প্রকাশ করা হয়। জুলাই-সেপ্টেম্বর কোয়ার্টারের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। প্রকল্পের ৬ষ্ঠ PSC সভা ১৫-০৬-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। এ পর্যায়ে সদস্য সচিব ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও প্রকল্পের সার্বিক অবস্থা সভায় উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জনাব আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস-কে আহবান জানান।

৪. প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে ADP বরাদ্দ ৫ কোটি ৮ লক্ষ টাকা, ১ম কিস্তি বাবদ ১২৬.৮৬ লক্ষ (এক কোটি ছাব্বিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকা ছাড় হয়েছে। এ পর্যন্ত ব্যয়ের পরিমাণ ২৯ লক্ষ ৫ হাজার টাকা, যা বরাদ্দের বিপরীতে ৫.৭১% এবং ছাড়ের বিপরীতে ২২.৯০%। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি আগস্ট ২০২৩ পর্যন্ত ৪৫.৭৬% এবং বাস্তব অগ্রগতি ৪২%।

৫. প্রকল্প পরিচালক আরও জানান যে, ২০২৩ সালের ৩য় কোয়ার্টারের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান, তথ্য সংগ্রহ কার্যক্রম এবং এর মাধ্যমে প্রাপ্ত ডাটার গুণগত মান নিশ্চিতকল্পে সকল পর্যায়ে তদারকি করা হচ্ছে। নির্ধারিত সময়ে ত্রৈমাসিক Key Findings প্রকাশ করা হবে। এছাড়া প্রকল্পের আওতায় একটি Labour Demand Survey করতে হবে, ২০২৪-২৫ অর্থবছরে সার্ভেটি করার লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দসহ একটি কর্ম পরিকল্পনা তৈরি করা হচ্ছে, যা আগামী সভায় উপস্থাপন করা হবে।

৬. **আলোচনা:** এ পর্যায়ে সভাপতি প্রকল্প পরিচালকের উপস্থাপনার আলোকে আলোচনায় অংশ নিতে উপস্থিত ও zoom প্লাটফর্মে সংযুক্ত সম্মানীত সদস্যদের আহ্বান জানান।

৬.১ আলোচনায় অংশ নিয়ে GED এর প্রতিনিধি বলেন ৯ম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম শুরু করা হয়েছে। শ্রমশক্তি জরিপ ২০২২ এর প্রাথমিক রিপোর্টের তথ্য-উপাত্ত GED পর্যালোচনা করছে। এছাড়া ত্রৈমাসিক Key Findings প্রকাশের জন্য তিনি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। রিপোর্টে under employment সংক্রান্ত তথ্য প্রকাশের জন্যও তিনি অনুরোধ জানান। পলিসি গাইডলাইন তৈরিতে শ্রমশক্তি জরিপের রিপোর্টসমূহ খুবই গুরুত্বপূর্ণ মর্মে উল্লেখ করে তিনি রিপোর্টসমূহ নির্ধারিত সময়ে প্রকাশ এবং GED কে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ জানান।

৬.২ যুগ্মসচিব (উন্নয়ন) আলোচনায় অংশ নিয়ে বলেন, তিনটি পরপর cross sectional survey পরিচালনা না করে পরবর্তী জরিপটি rotating panel করা যায় কিনা? এতে করে Job market এর dynamic nature এর পাশাপাশি নির্ধারিত খানাসমূহের মধ্যে over the survey একটি strict comparison করা যাবে।

৬.৩ এ পর্যায়ে মহাপরিচালক, বিবিএস বলেন যে, বিষয়টি নিয়ে Technical কমিটি এবং পিআইসিতে আলোচনা করা যায়। বিশেষজ্ঞদের মতামত নিয়ে একটি প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর প্রেরণ করা হবে এবং

পরবর্তী স্টিয়ারিং কমিটির সভায় তা অনুমোদন করা যেতে পারে। এছাড়াও তিনি জরিপের প্রকাশনাসমূহ নিয়মিত GED তে প্রেরণ নিশ্চিত করতে প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

৬.৪ সভাপতি বলেন, DPP সংশোধন জটিল প্রক্রিয়া এবং নীতিগতভাবে বারবার DPP সংশোধন সমর্থনযোগ্য নয়। এক্ষেত্রে বিদ্যমান DPP অনুযায়ী একই ব্যয় ও একই সময়ে Scope of Improvement কী আছে তা দেখতে হবে এবং সে অনুযায়ী জরিপ থেকে সর্বোচ্চ output প্রাপ্তি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের নিয়ে পর্যালোচনা সভা করা যেতে পারে।

৭. সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৭.১ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম তদারকি অব্যাহত রাখতে হবে। প্রাপ্ত তথ্যের এনালাইসিস সাথে সাথে সম্পন্ন করতে হবে, যাতে নির্ধারিত সময়ে ত্রৈমাসিক Key Findings সহ মূল রির্পোট প্রকাশ করা যায়।

৭.২ বিদ্যমান DPP এর আওতায় ২০২৪ এ Rotating Panel করার সুযোগ আছে কিনা তা যাচাইপূর্বক পরবর্তী সভায় অবহিত করতে হবে।

৮. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৯.০৬.০১৯.২২.২৪০

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ / ১১ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবায়ল, ঢাকা।
৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৬। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি),পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৯। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা।
১০। যুগ্মপ্রধান, একনেক, এনইসি ও সমন্বয় উইং, শেরে বাংলা নগর, ঢাকা
১১। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১২। যুগ্মসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৩। পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, "শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" শীর্ষক প্রকল্প, বিবিএস, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

জেসমীন আকতার
উপসচিব
☏৫৫০০৭০৭৭